

স্মারক নম্বর: ৪৬.০০.২৯০০.০৪২.১৪.০৬৩.১৭.২০১২

তারিখ: ৬ আশ্বিন ১৪২৮

২১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: কোভিড-১৯ (করোনা ভাইরাস) মোকাবেলায় দেশের দরিদ্র জনগণের মধ্যে ত্রাণ সহায়তা প্রদান।

সূত্র: জেলা পরিষদ, ফরিদপুর এর স্মারক জেপফ/প্রকৌঃ/০৫, তারিখ: ২৬ আগস্ট ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২০-২০২১ অর্থবছরে ফরিদপুর জেলা পরিষদের বাজেটের ১৬.৫০ লক্ষ (ষোল লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নবর্ণিত স্কিম অনুমোদনের জন্য অনুরোধ করা হয়েছে:

ক্রমিক	প্রস্তাবিত স্কিমের নাম	রাজস্ব	এডিপি বরাদ্দের কোভিড-১৯ উপ-খাত	মোট প্রাক্কলিত ব্যয়
১	২	৩	৪	(৩+৪)=৫
১	ত্রাণসামগ্রী হিসেবে (cash support) নগদ অর্থ সহায়তা	৪০.০০ লক্ষ টাকা	১০.০০ লক্ষ টাকা	৫০.০০ লক্ষ টাকা

২। উল্লেখ্য, নগদ অর্থ সহায়তা প্রদানের পরিবর্তে দরিদ্র ও দুঃস্থ জনগণদের মধ্যে ত্রাণ সহায়তা প্রদান অধিকতর বাস্তবসম্মত হবে মর্মে প্রতীয়মান হয়।

৩। এমতাবস্থায়, ২০২১-২২ অর্থবছরে ফরিদপুর জেলা পরিষদের উল্লিখিত দুটি খাত হতে মোট ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে করোনা ভাইরাসজনিত পরিস্থিতি মোকাবেলায় দরিদ্র ও দুঃস্থ জনগণদের মধ্যে নগদ অর্থ সহায়তা প্রদানের পরিবর্তে ত্রাণ সহায়তা প্রদান সংক্রান্ত স্কিমের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী

উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর,
জেলা পরিষদ, ফরিদপুর

স্মারক নম্বর: ৪৬.০০.২৯০০.০৪২.১৪.০৬৩.১৭.২০১২/১(৬)

তারিখ: ৬ আশ্বিন ১৪২৮

২১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ
- ৬) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ



২১-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব